DEC. 22 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ৬ কলাম ৪

# ৭৫৬ শিক্ষক ৬ মাস বেতন পান না

নকলা (শেরপুর) থেকে সংবাদদাতা ॥ শিক্ষামন্ত্রণালয়ের ফিমেল সেকেণ্ডারী স্কুল এসিসটেন্স প্রজেক্ট (এফ, এস, এস, এ, পি,) কর্তৃক নিয়োগপ্রাপ্ত ৭শ ৫৬ জন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা গত জুলাই মাস থেকে বেতন পাচ্ছেন না। ১৯৯৪ সাল থেকে উক্ত প্রজেক্টের অধীনে দেশের বিভিন্ন উপজেলায় প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে (বেসরকারী মাধ্যমিক বিদ্যা- লয় ও মাদ্রাসায়) পর্যায়ক্রমে ৭শ ৫৬ জন শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হয়। এ সকল শিক্ষক-শিক্ষিকা জাতীয় বেতন স্কেলে সরকারী বেতনের ৯০ ভাগ জুন/০১ পর্যন্তপ্রকল্প থেকে যথারীতি পেয়ে আস ছিলেন। ৩০ জুন/০১ প্রকল্পের মেয়াদ শেষ হয়ে যাওয়ায় নিয়োগপ্রাপ্ত ৭শ ৫৬ জন শিক্ষক শিক্ষিকার এম, পি, ও ভুক্ত হওয়ার কথা থাকলেও নভেম্বর ২০০১ পর্যন্ত তারা এম,পি, ও ভুক্তও হতে পারেননি এবং প্রকল্প থেকেও বেতন পাচ্ছেন না। ফলে এসব ভাগ্যহত শিক্ষক/শিক্ষিকা পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন যাপন করছেন। নকলা উপজেলাতেই উক্ত প্রকল্পের ১০ জন শিক্ষক কর্মরত আছেন। পবিত্র ঈদে বেসরকারী প্রতিষ্ঠানের শিক্ষকরা বেতন পেলেও প্রকল্পের ঐ দশজন শিক্ষক বেতন পাননি।